# দেশে ফিরে প্রার্থী তালিকা প্রকাশের ঘোষণা দিলেন জামায়াত আমির



সংগৃহীত ছবি

১৫ দিনের বিদেশ সফর শেষে দেশে ফিরে শিগগিরই দলীয় প্রার্থী ঘোষণা করার ইঙ্গিত দিয়েছেন জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান।

মঙ্গলবার (৪ নভেম্বর) ভোরে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি বলেন, "দলীয় প্রার্থী তালিকা প্রকাশের প্রস্তুতি প্রায় শেষ পর্যায়ে।"

পবিত্র উমরা পালন শেষে যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্য সফর করে দেশে ফেরেন তিনি। এ সময় তিনি নির্বাচন কমিশনের কাছে প্রবাসীদের ভোটার নিবন্ধনের সময় আরও ১৫ দিন বাড়ানোর দাবি জানান।

গণতন্ত্রে মতের ভিন্নতা স্বাভাবিক উল্লেখ করে ডা. শফিকুর রহমান বলেন, "মতানৈক্যই গণতন্ত্রের সৌন্দর্য। তবে মতবিরোধ নয়, পারস্পরিক শ্রদ্ধার ভিত্তিতে সবাইকে এগিয়ে যেতে হবে।"

এ ছাড়া তিনি গণমাধ্যমকর্মীদের দেশ গঠনের সহযোগী শক্তি হিসেবে কাজ করার আহ্বান জানান এবং শান্তিপূর্ণ রাজনৈতিক পরিবেশ গঠনে সকল দলের দায়িত্বশীল ভূমিকার ওপর গুরুত্বারোপ করেন।

LENS ASIA